বশেমুরবিপ্রবির সহকারী প্রক্টর ড. নাজমুল হকের পদত্যাগ

গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) সহকারী প্রক্টর ড. মো. নাজমুল হক পদত্যাগ করেছেন।

‘ব্যক্তিগত কারণ’ দেখিয়ে বুধবার রাতে তিনি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কাছে পদত্যাগপত্র জমা দেন।
এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. খোন্দকার নাসির উদ্দিন বলেন, ‘ওই শিক্ষকের শারীরিক অবস্থা ভালো নয়। কয়েকদিন আগে তিনি স্ট্রোক করেছিলেন। তাই তিনি চাপ সামলাতে পারছিলেন না। সেজন্য পদত্যাগ করেছেন।’

এর আগে, আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে গত ২১ সেপ্টেম্বর পদত্যাগ করেন সহকারী প্রক্টর মো. হুমায়ুন কবীর।